দৈনিক ইনকিলাব

তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 05 DEC 1988
পৃষ্ঠা 5 কলাম 7

282

## মাদ্রাসা বোর্ডের পরীক্ষার ফলাফল

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে গত জুন-জুলাই মাসে অনুষ্ঠিত আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল সুদীর্ঘ পাঁচ মাস অতিবাহিত হওয়ার পরও প্রকাশিত হয়নি। এদিকে একই সময়ে অনুষ্ঠিত ১৯৮৮ ইং সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফলাফল ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে। বিলম্বে ফল প্রকাশিত হলে উচ্চতর শ্রেণীতে ভর্তি হতে সমস্যা হয়।

অতএব বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করে অতিসত্বর মাদ্রাসা বোর্ডের পরীক্ষার ফলাফল প্রকাশ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি।

—মুহাম্মদ আবদুল মুমিন খান নোমান,
১৭/এ, দক্ষিণ ফুলার রোড,
ঢাকা বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকা, ঢাকা-১০০০।

## বিএ ক্লাসে ইংরেজী

গত ২৭ নভেম্বর দৈনিক ইনকিলাবের সম্পাদক সমীপে কলামে 'বিএ ক্লাসে ইংরেজী' শিরোনামে প্রকাশিত সিলেটের নাছরীন আক্তার চৌধুরীর চিঠির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। লেখিকার বক্তব্যের সাথে আমি একমত হতে পারছি না। ইংরেজী একটি আন্তর্জাতিক ভাষা। সব দেশেই মাতৃভাষার পাশাপাশি ইংরেজী ভাষাকে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়ে থাকে।

তাছাড়া সকল দেশের জনগণের সাথে ভাব প্রকাশের একমাত্র মাধ্যমই হচ্ছে ইংরেজী ভাষা। বর্তমানে আমাদের দেশে বিএ ক্লাসে ইংরেজী বিষয় আবশ্যিক নয়। ফলে অনেকে বিএ, এমএ পাস করেও শুধুমাত্র ইংরেজী ভালো করে না জানার ফলে অফিস-আদালতসহ বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি পাচ্ছে না। আমাদের মত উন্নয়নশীল দেশে মাতৃভাষা বাংলার পাশাপাশি ইংরেজী ভাষা জানাও খুবই প্রয়োজন। তাই বিএ ক্লাসে ইংরেজী বিষয় ঐচ্ছিক না রেখে আবশ্যিক বিষয় করার জন্য শিক্ষামন্ত্রণালয় সমীপে আবেদন জানাচ্ছি।

—রুবিনা আহমেদ,
স্টেশনরোড, ভার্থখোলা,
সিলেট-৩১০০